গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ।

ফোনঃ ০২৯৯৬৬০০৭২৬, ইমেইল- sgovc@yahoo.com

ওয়েবসাইটঃ www.sugc.edu.bd

তারিখ: ১৮.০৯.২০২৩ খ্রি.

# উচ্চমাধ্যমিক একাদশ শ্রেণিতে (শিক্ষাবর্ষ: ২০২৩-২০২৪) ভর্তি বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে সুনামগঞ্জ সরকারি কলেজে উচ্চমাধ্যমিক একাদশ শ্রেণিতে ভর্তির জন্য সিলেট শিক্ষাবোর্ড কর্তৃক মনোনীত শিক্ষার্থী (যাঁরা ইতিমধ্যে শিক্ষাবোর্ডের ফি জমা দিয়ে নিশ্চায়ন করেছে), তাঁরা অনলাইনে ভর্তি ফি জমাদান ও ভর্তি ফরম পূরণ করে নিজে উপস্থিত থেকে কাগজপত্র জমাদানের মাধ্যমে ভর্তি হতে হবে।

**ভর্তি ফি:**

| শাখা | ছাত্রদের ফি'স | | | | | | ছাত্রীদের ফি'স | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মুসলিম | | | অন্যান্য ধর্মাবলম্বী | | | মুসলিম | | | অন্যান্য ধর্মাবলম্বী | | |
| | ভর্তি ফি | পরীক্ষা ফি | মোট | ভর্তি ফি | পরীক্ষা ফি | মোট | ভর্তি ফি | পরীক্ষা ফি | মোট | ভর্তি ফি | পরীক্ষা ফি | মোট |
| বিজ্ঞান | ২৪১৫/- | ৭২০/- | **৩১৩৫/-** | ২৪২৫/- | ৭২০/- | **৩১৪৫/-** | ২১৭৫/- | ৭২০/- | **২৮৯৫/-** | ২১৮৫/- | ৭২০/- | **২৯০৫/-** |
| মানবিক | ২৩১৫/- | ৫৬০/- | **২৮৭৫/-** | ২৩২৫/- | ৫৬০/- | **২৮৮৫/-** | ২০৭৫/- | ৫৬০/- | **২৬৩৫/-** | ২০৮৫/- | ৫৬০/- | **২৬৪৫/-** |
| ব্যবসায় শিক্ষা | ২৩১৫/- | ৫৬০/- | **২৮৭৫/-** | ২৩২৫/- | ৫৬০/- | **২৮৮৫/-** | ২০৭৫/- | ৫৬০/- | **২৬৩৫/-** | ২০৮৫/- | ৫৬০/- | **২৬৪৫/-** |

**পাঠবিরতি ফি:** ২০২১ বা ২০২২ সালের এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের পাঠবিরতি ফি হিসাবে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা অতিরিক্ত পরিশোধ করতে হবে।

**** সকল প্রকার ফি সোনালী ব্যাংক পেমেন্ট সিস্টেমের মাধ্যমে পরিশোধ করতে হবে।**

**ভর্তি সম্পন্ন করার জন্য শিক্ষার্থীর তিনটি করণীয় আছেঃ**

| ক্রমিক নং | করণীয় | সময়সীমা | যারা করবে | কোথায় করতে পারবে | যে রোল নম্বর ব্যবহৃত হবে |
|---|---|---|---|---|---|
| ১ | ফি জমাদান করবে | ২৬/০৯/২০২৩খ্রি. হতে ২৭/০৯/২০২৩খ্রি. বেলা ৪.০০ টা পর্যন্ত | ছাত্রী | নিজ মোবাইল বা অন্য জায়গা থেকে | এসএসসি রোল |
| | | ০১/১০/২০২৩খ্রি. হতে ০২/১০/২০২৩খ্রি. বেলা ৪.০০ টা পর্যন্ত | ছাত্র | | |
| ২ | কলেজ ওয়েবসাইটের মাধ্যমে ফরম পূরণ করবে | ২৬/০৯/২০২৩খ্রি. হতে ২৭/০৯/২০২৩খ্রি. বেলা ৪.০০ টা পর্যন্ত | ছাত্রী | নিজ মোবাইল বা অন্য জায়গা থেকে | এসএসসি রোল |
| | | ০১/১০/২০২৩খ্রি. হতে ০২/১০/২০২৩খ্রি. বেলা ৪.০০ টা পর্যন্ত | ছাত্র | | |
| ৩ | প্রয়োজনীয় কাগজপত্র কলেজে জমাদান করবে | ২৬/০৯/২০২৩খ্রি. হতে ২৭/০৯/২০২৩খ্রি. বেলা ৪.০০ টা পর্যন্ত | ছাত্রী | কলেজে নিজে উপস্থিত থেকে | ডাউনলোডকৃত ভর্তি ফরমে প্রদত্ত কলেজ রোল |
| | | ০১/১০/২০২৩খ্রি. হতে ০২/১০/২০২৩খ্রি. বেলা ৪.০০ টা পর্যন্ত | ছাত্র | | |

** নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে শিক্ষার্থীর ভর্তির সুযোগ থাকবে না।

১. **ফি জমাদানের প্রক্রিয়া:**

**https://sbl.com.bd:7070/** লিংকে গিয়ে অথবা সোনালী ই-সেবা অ্যাপের মাধ্যমে **HSC Fees > Admission Fee** থেকে **St. Year, College, Session** ও **SSC Roll** এর ফিল্ড পূরণ করলে প্রযোজ্য ফি এর পরিমাণ দেখাবে।

এক্ষেত্রে **St. Year** হিসেবে **1st Year**
**College** হিসেবে **Sunamganj Govt. College**
**Session** হিসেবে **2023-2024**
**SSC Roll** হিসেবে শিক্ষার্থীর **SSC Roll** লিখতে হবে।

এরপর টাকা পেমেন্ট অপশন একটিভ হবে। **সোনালী ব্যাংক একাউন্ট ট্রান্সফার** অথবা **নগদ/বিকাশ/রকেট** এর মাধ্যমে পেমেন্ট করা যাবে। শিক্ষার্থীকে ফি পরিশোধের পর ফি প্রদানের স্লিপ ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে।

২. **কলেজের ওয়েবসাইটে ফরম পূরণ প্রক্রিয়া:**

✷ যেকোনো ব্রাউজার ব্যবহার করে কলেজ ওয়েবসাইট **sugc.edu.bd** তে প্রবেশ করে **Admission** অপশনে ক্লিক করুন।

✷ একাদশ শ্রেণি ভর্তি ২০২৩-২০২৪ এর পাশে **Apply Now** বাটনে ক্লিক করুন।

✷ প্রাপ্ত ফরমটিতে এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর, শিক্ষাবোর্ড, পাশের বছর, সোনালী ব্যাংক পেমেন্ট সিস্টেমের ট্রানজেকশন আইডি দেয়ার পর পাসওয়ার্ড দিতে হবে **(শিক্ষার্থীকে পাসওয়ার্ডটি সংরক্ষণ করতে পরামর্শ দেয়া হলো, কলেজ ওয়েবসাইটে লগইন করতে এর প্রয়োজন পড়বে)**। ভর্তি ফরমে চাওয়া সকল তথ্য সঠিকভাবে পূরণ করে এর পর সাবমিট বাটনে ক্লিক করলে পরবর্তী ধাপে নিয়ে যাবে।

✷ ওয়েবসাইটের ফরমটির বিভিন্ন ফিল্ড যথাযথভাবে পূরণ করে একটি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ছবির সাইজ: উচ্চতা-৬০০ X প্রস্থ-৪৮০ পিক্সেল) আপলোড করার পর সাবমিট বাটনে ক্লিক করুন।

✷ স্বয়ংক্রিয়ভাবে একটি পূরণকৃত পিডিএফ ফরম আসবে, এটি ডাউনলোড করে প্রিন্ট (২ কপি) করুন। এই ফরমে শিক্ষার্থীর রোল নম্বর উল্লেখ থাকবে যা পরবর্তীতে কলেজের ওয়েবসাইটে লগইন করার ক্ষেত্রে আইডি হিসেবে কাজ করবে।

### ৩. কলেজে জমাদানের ক্ষেত্রে আবশ্যকীয় কাগজপত্রাদি

**ক. সাধারণ শিক্ষার্থীর জন্য;**

উল্লিখিত প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ করে কলেজের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত ভর্তি ফরম প্রিন্ট করে নিম্নোক্ত কাগজপত্রাদি সহ-

১। কলেজের ওয়েবসাইট থেকে প্রাপ্ত ভর্তি ফরম ০১ (এক) কপি,
২। সোনালী ব্যাংক পেমেন্ট সিস্টেম এ ফি পরিশোধের পেমেন্ট স্লিপ ০১ (এক) কপি,
৩। এসএসসি/সমমান পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট,
    * মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দিতে না পারলে অনলাইন একাডেমিক ট্রান্সক্রিপ্ট, মূল রেজিস্ট্রেসন কার্ড ও প্রবেশ পত্র জমা দিতে হবে। মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দিয়ে মূল রেজিস্ট্রেসন কার্ড ও প্রবেশ পত্র ফেরত নিতে হবে।
৪। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত প্রশংসা পত্র (মূলকপি),
৫। জন্ম নিবন্ধন সনদের ফটোকপি ০১ (এক) কপি,
৬। পাসপোর্ট সাইজের ছবি ০২ (দুই) কপি, ছবির পিছনে কলেজের রোল নম্বর লিখতে হবে।

**খ. মুক্তিযোদ্ধা কোটায় মনোনীত শিক্ষার্থীর জন্য;**

মুক্তিযোদ্ধা কোটায় মনোনীত শিক্ষার্থীকে সাধারণ শিক্ষার্থীর জন্য প্রয়োজনীয় কাগজের অতিরিক্ত, মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান সনাক্তকরণের জন্য- ১. মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রাপ্ত মূলসনদ (ফটোকপি) ২. সংশ্লিষ্ট এলাকার 'মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল' কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র (মূলকপি),
৩. প্রযোজ্য ক্ষেত্রে উত্তরাধিকার সনদপত্র বা ওয়ারিশ সার্টিফিকেট (মূলকপি) জমা দিতে হবে।

**গ. বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর জন্য;**

যে সকল শিক্ষার্থী বিশেষ চাহিদা সম্পন্ন হিসেবে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল তারাই সংশ্লিষ্ট বোর্ডে ম্যানুয়ালি ভর্তির জন্য আবেদন করতে পারবে।

**** ১। সকল কাগজপত্র একটি A4 সাইজ খামে করে দিতে হবে।**

**২। খামের উপরে শিক্ষার্থীর নাম, শাখা, কলেজ রোল ও মোবাইল নম্বর স্পষ্ট করে লিখতে হবে।**

**৩। শিক্ষার্থীকে ট্রান্সক্রিপ্ট এর একাধিক ফটোকপি ভবিষ্যৎ প্রয়োজনে নিজের কাছে রাখার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।**

**জমাদানের স্থান ও সময় (শিক্ষার্থীদের ভর্তি ফরম ও আনুসাঙ্গিক কাগজপত্রাদি):**

১৪ নং কক্ষ

২৬/০৯/২০২৩খ্রি. তারিখ হতে ০২/১০/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত

প্রতিদিন সকাল ১০.০০ টা হতে বেলা ৪.০০ টা

**একাদশ শ্রেণিতে বিভাগভিত্তিক বিষয়সমূহ**

| বিভাগ | আবশ্যিক বিষয়সমূহ | নৈর্বাচনিক বিষয়সমূহ | ঐচ্ছিক বিষয় |
|---|---|---|---|
| মানবিক | বাংলা, ইংরেজি,<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি<br>(৩টি বিষয়) | ইতিহাস, অর্থনীতি, যুক্তিবিদ্যা,<br>পৌরনীতি ও সুশাসন<br>(যেকোন ৩টি বিষয়) | অর্থনীতি, যুক্তিবিদ্যা,<br>পৌরনীতি ও সুশাসন,<br>(যেকোন ১টি বিষয়) |
| বিজ্ঞান | বাংলা, ইংরেজি,<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি<br>(৩টি বিষয়) | পদার্থবিজ্ঞান, রসায়ন,<br>উচ্চতর গণিত, জীববিজ্ঞান<br>(যেকোন ৩টি বিষয়) | উচ্চতর গণিত,<br>জীববিজ্ঞান<br>(যেকোন ১টি বিষয়) |
| ব্যবসায় শিক্ষা | বাংলা, ইংরেজি,<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি<br>(৩টি বিষয়) | হিসাববিজ্ঞান, ফিনান্স ব্যাংকিং ও বীমা,<br>ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা<br>(৩টি বিষয়) | অর্থনীতি<br><br>(১টি বিষয়) |

** শিক্ষার্থীকে ০৪/১০/২০২৩ খ্রি. হতে ০৫/১০/২০২৩ খ্রি. তারিখের মধ্যে কলেজ ওয়েবসাইটে লগইন করে বিষয় নির্বাচন করতে হবে। লগইনের জন্য ইউজার আইডি হবে- কলেজ রোল এবং পাসওয়ার্ড হবে- কলেজ ওয়েবসাইটে ফরম পূরণের সময় শিক্ষার্থী প্রদত্ত পাসওয়ার্ড।

প্রতিস্বাক্ষরিত;

২৫/০৯/২০২৩

(প্রফেসর মোঃ শামসুল আলম)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সুনামগঞ্জ সরকারি কলেজ

(প্রফেসর মো. শামসুল আলম)
আইডি নং-৪২১৯
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সুনামগঞ্জ সরকারি কলেজ

২৫/০৯/২০২৩

(মোঃ আবুল কাশেম আজাদ)
সহযোগী অধ্যাপক, রসায়ন
ও
আহবায়ক
একাদশ শ্রেণি ভর্তি কমিটি ২০২৩-২৪
সুনামগঞ্জ সরকারি কলেজ